দৈনিক সংবাদ

202

তারিখ ... ... MAR. ৩-৩ 2000 ...
পৃষ্ঠা ৭ কলাম ৬

# সিলেট ও বরিশাল শিক্ষা বোর্ডের অধীনে আগামী বছর থেকে এসএসসি ও এইচএসসি পরীক্ষা

রাশেদ আহমেদ ঃ নবগঠিত সিলেট ও বরিশাল শিক্ষা বোর্ডের অধীনে আগামী বছর থেকে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পরীক্ষা অনুষ্ঠিত হবে। সংশ্লিষ্ট বিভাগের পরীক্ষার্থীরা নতুন এ বোর্ডের অধীনে পরীক্ষা দেবে। গত বছর এ শিক্ষা বোর্ড ২টি স্থাপনের পর বর্তমানে অবকাঠামোগত উন্নয়নের কাজ চলছে। বোর্ড দুটোর অফিস ও জনবল নিয়োগের জন্যে শিক্ষা মন্ত্রণালয় অনুমোদন দিয়েছে। খবর সংশ্লিষ্ট সূত্রের।

সূত্র জানায়, সিলেট শিক্ষা বোর্ডের আপাতত কোন স্থায়ী বাড়ি হয়নি। ভাড়া করা বাড়িতেই অফিসের কার্যক্রম চলছে। অফিস সাজগোছ ও বিভিন্ন আসবাবপত্র কেনার জন্যে অর্থ মন্ত্রণালয়ের বরাদ্দকৃত ৩০ লাখ টাকা ছাড় দেয়া হয়েছে। অধ্যাপক নাজিমউদ্দিন এ বোর্ডের চেয়ারম্যান হিসেবে নিয়োগপ্রাপ্ত হয়েছেন।

বরিশাল বোর্ডের অফিস স্থাপনের জন্যে বিভাগীয় কমিশনারের পরিত্যক্ত অফিস ভবনটি প্রদান করা হয়েছে। মন্ত্রিপরিষদ বিভাগ ভবনটি শিক্ষা বোর্ডকে দেয়ার জন্যে বিভাগীয় কমিশনারকে চিঠি দিয়েছেন। এ বোর্ডের চেয়ারম্যান হয়েছেন অধ্যাপক আবদুস সালাম। শিক্ষা মন্ত্রণালয়ের এক কর্মকর্তা জানান, বরিশাল ও সিলেট বোর্ডের কার্যক্রম পরিচালনার জন্যে যশোর

এসএসসি ঃ পৃঃ ২ কঃ ৩

## এসএসসি ঃ সিলেট ও বরিশাল

( ১ম পৃষ্ঠার পর )

ও কুমিল্লা বোর্ড থেকে কিছু কর্মচারী স্থানান্তর করা হবে। এ ২ বোর্ডের অধীনেই এতদিন বরিশাল ও সিলেট বিভাগের মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শ্রেণীর ছাত্রছাত্রীরা পরীক্ষা দিত।

বরিশাল ও সিলেট বিভাগ হওয়ার পর এলাকাবাসীর দীর্ঘদিনের দাবি ছিল পৃথক শিক্ষা বোর্ড স্থাপনের।

গত বছর বোর্ড স্থাপনের পর চলতি বছর থেকে পরীক্ষার রেজিস্ট্রেশনের কার্যক্রম শুরু করা হয়। তবে বরিশাল ও সিলেট বিভাগের যেসব পরীক্ষার্থী এ বছর অথবা তার আগের বছর যশোর ও কুমিল্লা বোর্ডে রেজিস্ট্রেশন এবং ফরমফিলাপ করেছে তাদের স্থানান্তর করে সংশ্লিষ্ট নতুন বোর্ডে পাঠিয়ে দেয়া হবে বলে মন্ত্রণালয়ের কর্মকর্তা জানান। সূত্র জানায়, এ ২ বোর্ডে বছরে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শ্রেণীতে ৩ থেকে ৪ লাখ পরীক্ষার্থী পরীক্ষা দেবে।